



গীতশ্রী সন্ধ্যা মুখোপাধ্যায়

সুমধুর মরমী কণ্ঠের ভাবালু পরিবেশনের জন্যই শিল্পী সর্বজন প্রিয়। এবারের লোক-গীতি ও আধুনিক গান ছন্দের মাদকতায় সুরের মজ্জনায় অনবদ্য হয়ে উঠেছে শিল্পীর কণ্ঠ।

গীতশ্রী সন্ধ্যা মুখোপাধ্যায়
Geetashree Sandhya Mukherjee

সুরঃ—সুধীন দাশগুপ্ত

GE 24973 মধুর মধুর বংশী বাজে

চিনেছি তোমারে অচেনার মাঝে

(১)

(২)

কথাঃ—তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়

কথাঃ—সুধীন দাশগুপ্ত

মধুর মধুর বংশী বাজে
কোথা কোন্ কদম তলীতে
আমি পথের মাঝে পথ হারালাম
ব্রজে চলিতে
কোন মহাজন পারে বলিতে ॥
পোড়া মন ভুল করিল
চোখ তুলিল পথের ধূলা থেকে।
রাই যে আমার রাজ্য পারের
ছাপ গিয়েছে এ'কে,
চুক'লি ছেড়ে পথের ধূলা
চন্দ্রাবলীর কুঞ্জগলিতে ॥
অনেক আলোর ঘটায় অনেক
ছটা কলো মলো
আমার হাতের মাটির পিদীম
লাজে নিভাইলো
এখন যে হাস গভীর অধীর
কেন পথে ঘাট বলো ললিতে ॥"

চিনেছি তোমারে অচেনার মাঝে
ছিলো যত কথা বলিনি তা' লাজে ॥
রেখেছি তোমারে চোখের তারাতে
হৃদয় হারাতে এমন যে সাজে— ॥
কেন পথ ছেড়ে কোন পথে এসে
আমি হারানদী মিলেছি শেষে
তোমার সাগর হৃদয়ের মাঝে ॥
মনের ছায়া পড়ে না জলে
যায় না বলা হৃদয় যা বলে।
এই কথা কেন আজো পড়ে মনে
বলিনি যে কথা ছিল যা গোপনে
মনের বাঁধাতে নিশিদিন বাজে ॥"

শিল্পীর রাগপ্রধান বাংলা গানের রেকর্ড

GE 24964 বঙ্গবা ব্যাকুল রাতে

ব'শুরা এলো না